

প্রিয় পরিবারবর্গ:

এই সর্বদা পরিবর্তনশীল জন স্বাস্থ্য দুর্যোগের সময় সকল শিক্ষার্থীর স্বাস্থ্য ও নিরাপত্তা অব্যাহতভাবে আমাদের প্রথম প্রাধান্য হিসেবে বিবেচিত। আমরা জানি সকল নিউ ইয়র্ক বাসীর জন্য এটি একটি মানসিক চাপের সময়, কিন্তু আমাদের যেসব শিক্ষার্থী গ্র্যাজুয়েট করবে তাদের জন্য বিশেষভাবে এটি অধিক চাপের। অনুগ্রহ করে নিশ্চিত থাকুন যে, আমরা সকল গ্র্যাজুয়েটিং শিক্ষার্থীকে তাদের হাই স্কুল সফলভাবে শেষ করার পথে থাকার জন্য বিভিন্ন রিসোর্স এবং সহায়তা প্রদান করার লক্ষ্যে তাদের সাথে থাকবো। নিচে গ্র্যাজুয়েট হবার জন্য যে সর্ব-সাম্প্রতিক শর্ত আবশ্যিক সেগুলি সম্পর্কে গাইডেন্স দেয়া হলো।

### আপনার NYC স্কুল অ্যাকাউন্ট ব্যবহার করে গ্র্যাজুয়েশনের পথে অগ্রগতি দেখুন

আমরা আপনাকে আপনার নিউ ইয়র্ক সিটি স্কুলস্ অ্যাকাউন্ট (NYCOSA) চেক করে আপনার সন্তানের গ্র্যাজুয়েশনের পথে অগ্রগতি দেখতে উৎসাহিত করছি। পরিবারগুলি NYCOSA-তে গ্র্যাজুয়েশন ট্র্যাকার ব্যবহার করে একজন শিক্ষার্থী কতগুলি ক্রেডিট অর্জন করেছে, কোন্ কোন্ পরীক্ষায় পাস করেছে, শিক্ষার্থীর ক্রেডিট-ইন-প্রোগ্রেস, এবং বাকি যে ক্রেডিট রিজেন্টস্ অথবা অ্যাডভান্সড রিজেন্টস্ জন্য প্রয়োজন সেগুলি জানতে পারে।

আপনার যদি ইতোমধ্যে অ্যাকাউন্ট থেকে না থাকে, আপনি [mystudent.nyc](http://mystudent.nyc) ঠিকানায় গিয়ে একটি অ্যাকাউন্ট তৈরী করে নিতে পারেন। NYCOSA- এর তথ্য আপনার সন্তানের স্কুলের সাথে আপনার আলোচনার কোন বিকল্প নয়, কিন্তু এটি আপনার ও আপনার সন্তানের জন্য গ্র্যাজুয়েশনের পথে তার অগ্রগতি মূল্যায়নে সহায়ক।

### জুনের রিজেন্টস্ পরীক্ষাসমূহ বাতিল করা হয়েছে, এবং কিছু শিক্ষার্থীর জন্য এগুলি মওকুফ করা হয়েছে

NYSED এবং বোর্ড অভ রিজেন্টস্ জুন 2020 - এর রিজেন্টস্ পরীক্ষাগুলি বাতিল করেছে। এর ফলে, যেসব শিক্ষার্থীর জুন 2020-এর রিজেন্টস্ পরীক্ষা দেয়ার কথা ছিল, তারা জুন 2020- এর রিজেন্টস্ পরীক্ষা থেকে অব্যাহতি লাভের যোগ্য হতে পারে। এই অব্যাহতি প্রযোজ্য:

- কোন শিক্ষার্থী বর্তমানে যে কোন কোর্সে ভর্তি আছে যা শেষ হবে জুন রিজেন্টস্ পরীক্ষায়, এবং যে কোর্সে ক্রেডিট অর্জন করতে সেই শিক্ষার্থী।
- কোন শিক্ষার্থী বর্তমানে যে কোন কোর্সে ভর্তি আছে যা শেষ হবে জুন রিজেন্টস্ পরীক্ষায় এবং যে স্কুল বছরের শেষে ক্রেডিট অর্জন করতে অসফল হবে, এবং যে ক্রেডিট কোর্সে ফেল করেছে সেই ঘটতি পূরণের জন্য সামারের প্রোগ্রামে ফিরে আসে সেই শিক্ষার্থী। এইসব শিক্ষার্থীকে পরবর্তীতে অগাস্ট 2020- এ ডিপ্লোমা ক্রেডিট দেয়া হবে।
- কোন শিক্ষার্থী যে আগে এমন একটি কোর্সে ভর্তি ছিলো যা রিজেন্টস্ পরীক্ষায় সমাপ্ত হয়, কোর্স ক্রেডিট অর্জন করেছে, এবং এখনও সহযোগী রিজেন্টস্ পরীক্ষাগুলিতে পাস করেনি কিন্তু পাস স্কোর পেতে জুনে পরীক্ষা দেবার ইচ্ছা রাখে তারা।

যদিও রিজেন্টস্ পরীক্ষা বাতিল করা হয়েছে, তবুও শিক্ষার্থীদের গ্র্যাজুয়েশনের লক্ষ্যে অবশ্যই তাদের আবশ্যিক ক্রেডিট অর্জন করে কোর্সওয়ার্ক শেষ করতে হবে।

### কোর্স ক্রেডিটের শর্তাবলী একই থাকে

যদিও ক্লাসগুলি নতুন প্ল্যাটফর্মে শিফট করে গেছে, শিক্ষানির্দেশনার পদ্ধতি কোর্স ক্রেডিটের শর্তের উপর কোন প্রভাব ফেলেনি। শিক্ষার্থীদের গ্র্যাজুয়েট হতে অবশ্যই 44 ক্রেডিট অর্জন করতে হবে - তারা ক্লাসরুমে শিক্ষা লাভ করুক বা দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) পাক।

দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) লাভের সময়, শিক্ষকগণ তাদের শিক্ষার্থীদের কাজের গ্রেড দেয়া অব্যাহত রাখবেন যাতে শিক্ষার্থীরা তাদের অগ্রগতি সম্পর্কে জানতে পারে। তাদের কোর্সের শেষে, শিক্ষার্থীরা তাদের চূড়ান্ত গ্রেড লাভ করবে যেমনটি তারা তাদের স্বাভাবিক শিক্ষার সময়ে করে থাকে। শিক্ষার্থীরা যদি তাদের কোর্সে পাস করে, তারা কোর্স ক্রেডিট লাভ করবে। শিক্ষার্থীদের যদি তাদের কোর্সের সময় বাড়তি সহায়তার প্রয়োজন পড়ে, তাই তাদের শিক্ষকদের সাথে যোগাযোগ রাখা উচিত।

### গ্রেড দানের সময় উপস্থিতির রেকর্ড বিবেচনায় নেয়া হবে না

অতীতে, কিছু কিছু স্কুল শিক্ষার্থীর চূড়ান্ত গ্রেড নির্ধারণের উপাদান হিসেবে উপস্থিতিকে ব্যবহার করেছে। উপস্থিতিকে আর গ্রেডিংয়ের উপাদান হিসেবে ব্যবহার করা হবে না। দূর থেকে শিক্ষায় (রিমোট লার্নিং), স্কুলগুলি শিক্ষার্থীদের ইন্টারঅ্যাকশন ও এনগেজমেন্ট মনিটর করা অব্যাহত রাখবে, কিন্তু শিক্ষার্থীদের গ্রেড মূলতঃ নির্ধারিত হবে - তারা কোর্সের অ্যাকাডেমিক শর্ত পূরণ করে কিনা তার উপর। গ্রেডিং নীতি সম্পর্কে আপনার যদি কোন প্রশ্ন থাকে, আপনার স্কুলের সাথে যোগাযোগ করুন।



**Department of  
Education**

Chancellor Richard A. Carranza

গ্রাজুয়েশনের শর্ত এবং সাম্প্রতিক পরিবর্তনসমূহ সম্পর্কে বাড়তি তথ্যের জন্য, অনুগ্রহ করে আপনার স্কুলের সাথে যোগাযোগ করুন অথবা [schools.nyc.gov/graduationrequirements](https://schools.nyc.gov/graduationrequirements) সাইট দেখুন।

এই কঠিন সময়ে আমরা আমাদের পুরো DOE কমিউনিটিকে সহায়তার জন্য আপনাদের পাশে আছি। করোনাভাইরাস সম্পর্কিত নিয়মিত DOE হালনাগাদ তথ্যের জন্য, অনুগ্রহ করে [schools.nyc.gov/coronavirus](https://schools.nyc.gov/coronavirus) সাইট দেখুন।

বিনীত,

রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)

চ্যান্সেলর

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন